দৈনিক
ইনকিলাব

তারিখ 15 DEC 2006
পৃষ্ঠা ৩ কলাম ৪

৭

# এমবিবিএস কোর্সে ভর্তি কার্যক্রম শুরু করতে সুপ্রিমকোর্টের নির্দেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ এমবিবিএস ভর্তি পরীক্ষার ফলাফল সংক্রান্ত জটিলতার অবসান হয়েছে। গতকাল (বৃহস্পতিবার) হাইকোর্টের আদেশের ওপর ৬ মাসের স্থগিতাদেশ দিয়ে অবিলম্বে ভর্তি কার্যক্রম শুরু করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছে সুপ্রিমকোর্ট। সুপ্রিমকোর্টের অ্যাপিলিয়েট ডিভিশনের অধীন প্রধান বিচারপতি জে আর মোদাচ্ছির, বিচারপতি ফজলুল করিম ও বিচারপতি জয়নাল আবেদীনের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ প্রদান করে। প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ এনে গত মাসের শেষের দিকে হাইকোর্টে আবেদন করলে কোর্ট ফলাফলের ওপর ৬ সপ্তাহের স্থিতাবস্থার আদেশ জারি করে। এদিকে ফলাফল নিয়ে পক্ষে-বিপক্ষে কর্মসূচী চলে আদালতের বাইরে। প্রশ্নপত্র ফাঁসের সুস্পষ্ট অভিযোগ প্রমাণিত না হওয়ায় সুপ্রিমকোর্ট এ আদেশ প্রদান করে বলে জানা গেছে।